



# ৩নং কোদালিয়া শহীদনগর ইউনিয়ন পরিষদ কার্যালয়

কার্যালয়ঃ কোদালিয়া শহীদনগর, ডাকঘর+উপজেলাঃ নগরকান্দা, জেলাঃ ফরিদপুর।

মোবাইলঃ ০১৭১৫৪৭৭৬৪১ E-mail:kodaliashohidnagarup@gmail.com, Web:www.kodaliashohidnagarup.faridpurlg.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬২৬৭.০০০.৯৯.০০১.২০২৪-

তারিখঃ ২৫/০১/২০২৪খ্রিঃ

## ইউনিয়ন সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভার স্থানঃ ইউপি অফিস  
তারিখঃ ২৫/০১/২০২৪ খ্রিঃ

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

### উপস্থিত সদস্যবৃন্দঃ

ক্রঃনং	নাম	পরিচয়	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	খোন্দকার জাকির হোসেন (নিলু)	চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
০২	মাহিনুর আক্তার (নিপা)	সংরক্ষিত আসন	সদস্য	স্বাক্ষরিত
০৩	মোসাঃ নাজমা বেগম	সংরক্ষিত আসন	সদস্য	স্বাক্ষরিত
০৪	মোসাঃ লিপি আক্তার	সংরক্ষিত আসন	সদস্য	স্বাক্ষরিত
০৫	সামচুল হক মুধা	সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৬	কাজী মোঃ জাকির হোসেন রাজু	সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৭	মোঃ ছরোয়ার হোসেন	সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৮	মোঃ আবুল হোসেন বাওয়ালী	সদস্য	সদস্য	স্বাক্ষরিত
০৯	মোঃ রাজু মোল্যা	সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১০	মোঃ রফিক মুন্সী	সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১১	মোঃ জাকির বিশ্বাস	সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১২	মোঃ ইব্রাহিম সেখ	সদস্য	সদস্য	স্বাক্ষরিত
১৩	মোঃ সরোয়ার খান	সদস্য	সদস্য	স্বাক্ষরিত

সভার আলোচ্য সূচিঃ ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে ১ম কিস্তিতে বরাদ্দকৃত অর্থ হতে সাধারণ বরাদ্দ (বিবিজি ও পিবিজি) দ্বারা প্রকল্প বাস্তবায়ন জন্য গৃহীত প্রকল্প রেজুলেশন অনুমোদন প্রসঙ্গে এবং বিবিধ।

অদ্যকার সভায় সভাপতি জনাব খোন্দকার জাকির হোসেন (নিলু), ইউপি চেয়ারম্যান সাহেব সভায় আসন গ্রহণ করার পর সভার কার্য আরম্ভ করা হলো।

**০১ নং প্রস্তাবঃ** অদ্যকার সভার সভাপতি জনাব খোন্দকার জাকির হোসেন (নিলু), ইউপি চেয়ারম্যান জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে ১ম কিস্তিতে বরাদ্দকৃত অর্থ হতে সাধারণ বরাদ্দ (বিবিজি) আওতায় কোদালিয়া শহীদনগর ইউনিয়ন পরিষদের অনুকূলে ৪৭৫৭০০ (চার লক্ষ পচাত্তর হাজার সাতশত) টাকা পাওয়া গিয়াছে। উক্ত টাকার বিপরীতে ওয়ার্ড হইতে উন্মুক্ত সভায় গৃহিত স্কীমগুলি নেওয়া হয়েছে। এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হোক।

**সিদ্ধান্তঃ** এ বিষয়ে সভায় স্কিমগুলির গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অত্যাবশ্যকীয় ও জনগুরুত্বপূর্ণ এবং প্রতি ওয়ার্ডের সাধারণ জনগণের চাহিদা মোতাবেক সকল স্কিমগুলি নীতিমালা অনুযায়ী বাস্তবায়নের নিমিত্তে ০২ (দুই)টি স্কিম বাস্তবায়নের নিমিত্তে সভায় অনুমোদন দেওয়া হোক। উক্ত প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। নিম্নবর্ণিত স্কিমগুলি পর্যালোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর ও সভাপতি উপজেলা ব্লক গ্রান্ট কো-অর্ডিনেশন কমিটি (বিজিসিসি) মহোদয়ের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্ষিঃসমূহ নিম্নরূপঃ

ক্রমিক নং	প্রকল্পের নাম	ওয়ার্ড নং	প্রকল্পের ধরণ	বরাদ্দের পরিমাণ
১.	কোদালিয়া শহীদনগর ইউনিয়নের বিভিন্ন গ্রামের কৃষকদের মাঝে বালাইনাশক স্প্রে-মেশিন সরবরাহ।	একাধিক	কৃষি	২০০০০০.০০
২.	কোদালিয়া শহীদনগর ইউনিয়নের বিভিন্ন গ্রামের বিভিন্ন বাড়ীতে/স্থানে অগভীর নলকূপ স্থাপন।	একাধিক	পানি	২৭৫৭০০.০০
সর্বমোটঃ ৪৭৫৭০০ (চার লক্ষ পচাত্তর হাজার সাতশত) টাকা মাত্র।				

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



চেয়ারম্যান

(খোন্দকার জাকির হোসেন নিলু)

৩নং কোদালিয়া শহীদনগর ইউনিয়ন পরিষদ  
নগরকান্দা, ফরিদপুর।

স্মারক নং- ৪৬.০০.৬২৬৭.০০০.৯৯.০০১.২০২৪-৭(৩)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

১. উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
২. উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য), নগরকান্দা, ফরিদপুর।
৩. অফিস কপি।



চেয়ারম্যান

(খোন্দকার জাকির হোসেন নিলু)

৩নং কোদালিয়া শহীদনগর ইউনিয়ন পরিষদ  
নগরকান্দা, ফরিদপুর।

